সংবাদ

তারিখঃ 5 OCT 2009
পৃষ্ঠা ২ কলাম ৪

# বিশ্ব শিক্ষক দিবস আজ

নিজস্ব বার্তা পরিবেশক

আজ সোমবার বিশ্ব শিক্ষক দিবস। ১৯৬৬ সালের ৫ অক্টোবর ইউনেস্কোর উদ্যোগে প্যারিসে প্রথম এক জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। ওই সম্মেলন থেকে শিক্ষক দিবস পালনের ঘোষণা দেয়া হয়। ওই সম্মেলনের ১৪৫ ধারা বিশিষ্ট একটি সুপারিশ তৈরি করা হয়। সেই সুপারিশে শিক্ষকদের অধিকার মর্যাদা, শিক্ষার মান ও উন্নয়নের কথা উল্লেখ করা হয়।

১৯৯৪ সাল থেকে দিবসটি আন্তর্জাতিকভাবে শিক্ষকরা পালন করে আসছেন। ৩ বছর পর মাধ্যমিক পর্যায়ে শিক্ষার মান ও শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি করার লক্ষ্যে ১৯৯৭ সালে ইউনেস্কোর উদ্যোগে আরেকটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনেও এক সুপারিশ তৈরি করা হয়। দুই সম্মেলনের সুপারিশে শিক্ষক মর্যাদা সনদ হিসেবে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি লাভ করে আসছেন।